# আওয়ামী লীগের নিষিদ্ধ কার্যক্রম নিয়ে সিদ্ধান্ত নেবে আদালত: উপদেষ্টা আদিলুর



সংগৃহীত ছবি

গৃহায়ণ ও গণপূর্ত উপদেষ্টা আদিলুর রহমান খান বলেছেন, আওয়ামী লীগের নিষিদ্ধ কার্যক্রম নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত আদালতের হাতে। মঙ্গলবার মুন্সিগঞ্জে পূজামণ্ডপ পরিদর্শনে গিয়ে তিনি জানান, পূজাকে ঘিরে নাশকতার তথ্য সরকারের কাছে আছে এবং আইনশৃঙ্খলা বাহিনী সতর্ক অবস্থানে রয়েছে।

গৃহায়ণ ও গণপূর্ত উপদেষ্টা আদিলুর রহমান খান মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) সন্ধ্যায় মুন্সিগঞ্জের বিভিন্ন পূজামণ্ডপ ঘুরে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। এ সময় তিনি জানান, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের বিষয়ে সরকার নয়, আদালতই সিদ্ধান্ত নেবে।

তিনি আরও বলেন, শারদীয় দুর্গাপূজাকে কেন্দ্র করে নাশকতার বিভিন্ন তথ্য সরকারের হাতে এসেছে। দেশের বাইরে থেকেও বাধা আসতে পারে বলে গোয়েন্দা সংস্থার তথ্য রয়েছে। এসব চ্যালেঞ্জ মোকাবেলায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও স্থানীয় প্রশাসন কঠোরভাবে কাজ করছে।

পরে হিন্দু ধর্মাবলম্বীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন উপদেষ্টা আদিলুর রহমান খান। এ সময় দুদক চেয়ারম্যান ড. মোঃ আব্দুল মোমেন, মুন্সিগঞ্জ জেলা প্রশাসক ফাতেমাতুল জান্নাত, পুলিশ সুপার সামসুল আলম সরকারসহ স্থানীয় প্রশাসনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

LENS ASIA